

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধৰ্ম অন্তর্গত

জাতীয় রাজস্ব বোর্ড

(ম্ল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০শে অগ্রহায়ণ ১৪০৫ বঙ্গ/১৪ই ডিসেম্বর ১৯৯৮ ইং

এস. আর. ও. নং ২৪৪-আইন/১৪/১৯৫-মসক।—ম্ল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১
সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ম্ল্য সংযোজন
কর বিধিমালা, ১৯৯১ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩২ক এর পরিবর্তে নিম্নরূপ ৩২ক প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৩২ক। পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে শৰ্ম্ম করহার ও প্রতার্গণের সূবিধা।—

পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠান, অঙ্গপর উক্ত শিল্প প্রতিষ্ঠান বলিয়া উচ্জিতি,
কর্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবা নিম্নরূপ শর্তাধীনে আইনের ধারা ৩ এর
উপ-ধারা (২) এর অধীনে রক্তান্তিকৃত বলিয়া গণ্য করা যাইবে, যথা :—

(ক) উক্ত শিল্প প্রতিষ্ঠানকে ১০০% রক্তান্তিমূখ্যী বণ্ডেড ওয়ার হাউস বা
স্পেশাল বণ্ডেড ওয়ার হাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের অন্তর্ক্লে পণ্য
সরবরাহ বা সেবা প্রদান করিতে হইবে;

(১৯৬১)

ম্ল্য: টাকা ১.০০

- (খ) উক্ত শিল্প প্রতিষ্ঠানের সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার অনুকূলে ইউটিলাইজেশন পার্মিশন বা ইউটিলাইজেশন ডিভ্যারেশন থাকিতে হইবে এবং উহাতে অভ্যন্তরীণ ব্যাক ট্ৰ্ৰ ব্যাক ঝগপত্ৰ কিংবা অভ্যন্তরীণ ঝগপত্ৰের নথৰ ও তাৰিখ, উক্ত শিল্প প্রতিষ্ঠানের নিকট হইতে পণ্য বা সেবা গ্ৰহণকাৰী ব্যক্তিৰ মূসক নিবন্ধন নথৰ, নাম ও ঠিকানাসহ উক্ত ব্যক্তিৰ অনুকূলে ইস্যুকৃত অভ্যন্তরীণ ব্যাক ট্ৰ্ৰ ব্যাক ঝগপত্ৰের নথৰ ও তাৰিখ উল্লেখ থাকিতে হইবে;
- (গ) উক্ত ঝগপত্ৰসমূহ বে ব্যাকেৰে সেই ব্যাংক কৰ্তৃক সত্যায়িত ঝগপত্ৰের অনুলিপি-সহ ইউটিলাইজেশন পার্মিশন বা ইউটিলাইজেশন ডিভ্যারেশনসমূহ উক্ত শিল্প প্রতিষ্ঠানেৰ দখলে থাকিতে হইবে;
- (ঘ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কৰ্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবাৰ বিপৰীতৈ প্রদত্ত কৱেৱ প্ৰতাপৰ্ণ গ্ৰহণেৰ ক্ষেত্ৰে আবেদনপত্ৰেৰ সহিত দফা (খ) ও (গ) তে উল্লিখিত দলিলাদিসহ বৈদেশিক মূদ্ৰা প্ৰাপ্তিৰ সনদপত্ৰ, নিবন্ধনপত্ৰেৰ ছায়ালিপি, পণ্য সরবরাহ বা সেবা প্ৰদানেৰ বিপৰীতৈ ফ্ৰম মূসক-১১ এ প্রদত্ত চালানপত্ৰ, সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবাৰ বাবহত উপকৰণ আমদানিৰ স্বপক্ষে বিল অব এন্ট্ৰিৰ মূল কৰ্প বা উপকৰণেৰ সরবরাহকাৰী কৰ্তৃক ফ্ৰম মূসক-১১ এ প্রদত্ত চালান পত্ৰ ও উপস্থাপিত দলিল-পত্ৰাদিৰ সততা বিষয়ে পঞ্চাশ টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাপে অংগীকাৰনামা দার্শন কৱিতে হইবে;
- (ঙ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কৰ্তৃক দাখিলযোগ্য মাসিক দার্শলপত্ৰ ফ্ৰম মূসক-১১ এ এই বিধিৰ আওতায় প্ৰাপ্ত সুবিধাদি সংজ্ঞানত তথ্যাদি উল্লেখ কৱিতে হইবে এবং প্ৰতি জানুৱাৰী ও ডিসেম্বৰ মাসে এতদ-সংজ্ঞানত বাস্তুমাসিক বিবৰণী স্থানীয় মূল্য সংযোজন কৱ কাৰ্যালয়ে দাখিল কৱিতে হইবে।”

জাতীয় রাজস্ব বোর্ডেৰ আদেশক্রমে

ডঃ ৱফিকুল ইসলাম

প্ৰথম সচিব

মূসক নৌত নিৰ্ধাৰণ ও বাজেট।

মোঃ আবদুল কৱিম সৱকাৰ (উপ-সচিব), উপ-নিয়ন্ত্ৰক, বাংলাদেশ সৱকাৰী মন্ত্ৰণালয়,
ঢাকা কৰ্তৃক মুদ্ৰিত।

মোঃ আমিন জুবেৰী আলম, উপ-নিয়ন্ত্ৰক, বাংলাদেশ ফ্ৰমস্ট ও প্ৰকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কৰ্তৃক প্ৰকাশিত।